দৈনিক ইত্তেফাক

তারিখ 20 DEC 1993
পৃষ্ঠা ২২ কলাম ৮

# শিক্ষার্থীদের সমস্যা সমাধানে শিক্ষকদের ভূমিকাই মুখ্য

..................শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে শিক্ষকদের আগাইয়া আসার আহ্বান জানাইয়াছেন। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি-শৃংখলা রক্ষায় এবং শিক্ষার্থীদের সমস্যা সমাধানে শিক্ষকদের ভূমিকাই মুখ্য।

মন্ত্রী গতকাল (রবিবার) তাঁহার মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির কর্মকর্তাদের সহিত এক আলোচনা বৈঠকে উপরোক্ত বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে বৈঠকে আলোচনায় অংশ গ্রহণ করেন সংগঠনের সভাপতি সেকান্দর আলী খলিফা, মোঃ তোয়াহা, হাবিব উল্লাহ খান, বয়েন উদ্দিন আহমদ, আবুল হাসনাত ফারুক, জি এম আর বাশার প্রমুখ। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তরের মহাপরিচালক মোহাম্মদ ইউনুস মিয়া ও পরিচালক যোবদুল হক বৈঠকে উপস্থিত ছিলেন। শিক্ষক প্রতিনিধিরা যুগোপযোগী সিলেবাস প্রণয়ন ও শিক্ষকদের মর্যাদা উন্নয়নের দাবী জানান।